The COOPERATIVE BANK

আমাদের প্রভাব

পার্টনারশিপ রিপোর্ট 2001 - সারসংক্ষেপ

আমাদের নীতিগত ও পরিবেশগত দায়িত্বশীলতার প্রমাণ

80% পুনরায় ব্যবহারের উপযোগী উপকরণ
ব্যবহার ক'রে সম্পূর্ণ ক্লোরিন-মুক্ত প্রক্রিয়ায় মুদ্রিত

NAPM APPROVED RECYCLED

কো-অপারেটিভ ব্যাংক-এর ‘পার্টনারশিপ অ্যাপ্রোচ’ বা সহযোগিতামূলক কর্মসূচির দৃষ্টান্ত



গত বছরের ‘পার্টনারশিপ রিপোর্ট’এ, ব্যবসা পরিচালনার রীতিনীতি সম্পর্কে আমাদের এই দৃঢ় বিশ্বাসের উপরে আমরা জোর দিয়েছিলাম যে দীর্ঘস্থায়ী সাফল্য কেবল সেই সংস্থাগুলোই অর্জন করতে পারে যারা তাদের সমস্ত দায়দায়িত্ব সম্পর্কে সবচেয়ে উদার মনোভাব গ্রহণ করতে প্রস্তুত। 2001 সালে আমরা এটাই প্রমাণ করার চেষ্টা চালিয়েছি। আমরা যে কেবলমাত্র আমাদের ‘শেয়ারহোল্ডারস্’ বা অংশিদারদের স্বার্থ রক্ষাতেই প্রতিশ্রুতিবদ্ধ তাই নয়, আমাদের কাজকর্মের সঙ্গে জড়িত সাতটি সহযোগী গোষ্ঠির সকলেরই স্বার্থ রক্ষা করা আমাদের অঙ্গীকার। সামাজিকভাবে দায়িত্বশীল এবং স্থায়ী পরিবেশগত ভারসাম্য বজায় রাখার উপযুক্ত পদ্ধতিতে সমস্ত সহযোগীদের যথোপযুক্ত মূল্য (সহযোগীদের নির্ধারিত সংজ্ঞা অনুসারে, ব্যাংক-এর নয়) সরবরাহ করায় আমরা সচেষ্ট। কালক্রমে আমরা কি সঠিক ভারসাম্য রক্ষা করতে পারছি? ‘ভালো-মন্দ সব কিছু মিলিয়ে’ রচিত ব্যাংক-এর পার্টনারশিপ রিপোর্ট আমাদের কাজকর্মের পর্যালোচনা করার এবং নিজেরাই সিদ্ধান্ত গ্রহণের সুযোগ সহযোগীদের প্রদান করছে।

সহযোগীদের সমস্ত মতামত, পরামর্শ ও প্রতিক্রিয়া আমাদের পার্টনারশিপ অ্যাপ্রোচ-এ এক নতুন মাত্রা সংযোজন করেছে। আমাদের এই সহযোগিতামূলক কাজকর্মের কর্মসূচির প্রতি মতামত জানানোর জন্য আপনারা যাঁরা সময় দিয়েছেন তাঁদের সবাইকে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনারা যদি কোন মন্তব্য করতে চান, আমাদের ওয়েবসাইট – www.co-operativebank.co.uk/partnership2001 দেখুন এবং ‘আপনাদের বক্তব্য পেশ করুন’।

আমাদের সহযোগিতামূলক কর্মসূচির সঙ্গে পরিচয়

আমাদের প্রভাব শূন্যতার মধ্যে ব্যবসা চালানো যায় না। যে কোন ধরনের কাজকর্ম থেকেই অবশ্যম্ভাবীভাবে নানা ধরনের পরিবেশগত ও সামাজিক প্রভাব সৃষ্টি হয়। প্রতি বছর, আমরা আমাদের ‘পার্টনারশিপ রিপোর্ট’ (Partnership Report) বা সহযোগিতার প্রতিবেদন প্রকাশ করি, যা হলো সমাজে আমাদের ‘পদক্ষেপের’ একটা বিস্তারিত বিশ্লেষণ। এই দলিলটি পূর্ণাঙ্গ প্রতিবেদনের সংক্ষিপ্ত সংস্করণ। পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়া যাবে আমাদের ওয়েবসাইট-এ : www.co-operativebank.co.uk/ partnership2001.

পথপ্রদর্শন সেই 1998 সালে, যখন আমাদের প্রথম পার্টনারশিপ রিপোর্ট আমরা প্রকাশ করি, তখন আমরা ছিলাম বিশ্বের অল্প কয়েকটা এমন ধরনের প্রতিষ্ঠানের মধ্যে একটা, যারা আমাদের নীতিগত, পরিবেশগত ও অর্থনৈতিক কাজকর্মের একটা বেসরকারীভাবে সমর্থিত ‘ভালো-মন্দ’ মেশানো মূল্যায়ন প্রকাশ করছিলাম। অতি সাম্প্রতিক কাল পর্যন্ত, বহু ভাষ্যকারই এই ভবিষ্যদ্বাণী করেছিলেন যে নীতিগত ও পরিবেশগত প্রতিবেদন রচনার ধারা অতি শীঘ্রই বন্ধ হয়ে যাবে : কিন্তু তার বিপরীতটাই সত্য প্রমাণিত হয়েছে এবং প্রায় 70% FTSE100 প্রতিষ্ঠান বর্তমানে পরিবেশগত প্রতিবেদন প্রকাশ ক’রে থাকে। বহু দেশেই, এমন আইন প্রণয়ন করা হয়েছে যা বড় বড় ব্যবসা প্রতিষ্ঠানকে তাদের সামাজিক ও পরিবেশগত কর্তব্য পালন সম্পর্কে প্রতিবেদন প্রকাশের নির্দেশ দেয়, এবং ইউকে বা যুক্তরাজ্যের সরকার ইঙ্গিত দিয়েছে যে এই নিয়ম এই দেশেও প্রবর্তিত হবে।

সমাজের উপরে প্রভাব গত বছরের পার্টনারশিপ রিপোর্ট-এ যে 65টি লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, তাদের মধ্যে 43টি (66%) আমরা পূরণ করেছি, 15টি (23%) ক্ষেত্রে গ্রহণযোগ্য অগ্রগতির পরিচয় দিয়েছি এবং 7টি (11%) লক্ষ্যমাত্রা এখনও আমরা পূরণ করতে পারিনি। চলতি বছরের পার্টনারশিপ রিপোর্ট-এর মধ্যে রয়েছে 2002 সাল ও তারও পরের জন্য 64টি নতুন লক্ষ্যমাত্রা। কয়েকটা ক্ষেত্রে আমাদের কাজকর্মের ভালো মান আমরা বজায় রেখে চলার চেষ্টা করছি, এবং অন্য কয়েকটা ক্ষেত্রে যেখানে আমার এখনও লক্ষ্যমাত্রা পূরণ করতে পারিনি সেখানে উন্নতি করার চেষ্টা চালাচ্ছি। 2001 সালে প্রকাশিত আমাদের চতুর্থ পার্টনারশিপ রিপোর্ট সর্বপ্রথম আমাদের চতুর্থ পার্টনারশিপ রিপোর্ট সর্বপ্রথম ইউকে সাস্টেইনএবিলিটী রিপোর্টিং অ্যাওয়ার্ডস্ (UK Sustainability Reporting Awards)-এর যৌথ বিজয়ী ঘোষিত হয় এবং ব্যবস্থাপনার ক্ষেত্রে আমাদের সহযোগিতামূলক কর্মসূচি প্রবর্তনের স্বীকৃতি হিসাবে সম্প্রতি ব্যাংক একটা ক্যুইন’স্ অ্যাওয়ার্ড ফর এন্টারপ্রাইজ (Queen’s Award for Enterprise) অর্জন করেছে।

THE QUEEN’S AWARDS FOR ENTERPRISE: SUSTAINABLE DEVELOPMENT 2002

প্রচারাভিযানের বিশ্লেষণ প্রতি বছর, ***ethics etc...*** নামে একটি সংস্থা বেসরকারীভাবে আমাদের প্রচারাভিযানের বিশ্লেষণের মাধ্যমে নির্ধারণ করে ব্যাংক-এর প্রধান লক্ষ্য ব্যবসায়িক মুনাফা অর্জন অথবা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উন্নতির মধ্যে কোন্‌টা। 2001 সালের প্রতিবেদনে, ‘আবহাওয়ার পরিবর্তন’ (Climate Change) এবং ‘আর্থিক বিচ্ছিন্নতার মোকাবেলা’ (Combating Financial Exclusion) এই দু’টি দীর্ঘমেয়াদী সমস্যার প্রতি দৃষ্টিপাত করা হয়। আরো একবার, এমন একটা কর্মসূচি গ্রহণের জন্য ব্যাংক প্রশংসা লাভ করেছে যার ক্ষেত্র কেবলমাত্র ‘বাজারজাতকরণের মাধ্যমে মুনাফা অর্জনের’ বাইরেও বিস্তৃত।

***ethics etc...* সংস্থার Richard Evans**
ব্যাংক-এর ‘আবহাওয়ার পরিবর্তন’
প্রচারাভিযান সম্পর্কে মন্তব্য করছেন।

“আমি 1998 থেকে 2001 সালের মধ্যের সময়ের সমস্ত চিঠিপত্র এবং সংবাদমাধ্যমে প্রচারিত তথ্যের পর্যালোচনা করেছি এবং দ্ব্যর্থহীন ভাষায় বলতে পারি, এই ব্যাংক যে কেবলমাত্র খনিজ জ্বালানির ব্যবহারের উপরে নির্ভরশীল অর্থনীতির বদলে পুনর্ব্যবহারযোগ্য শক্তির উপরে নির্ভরশীল অর্থনীতির ধারণাকে প্রকাশ্যভাবে ও ব্যক্তিগতভাবে সমর্থন করেছে তাই নয়, ব্যাংক সেটা করেছে বেশ কিছু ব্যবসায় প্রতিষ্ঠান ও বাণিজ্যিক সমিতির বিরুদ্ধ প্রচারনার মুখে .... মোটের উপর, সমস্ত পরিবেশগত বিষয়ের মধ্যে সম্ভবতঃ সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়ে, ব্যাংক-এর বিভিন্ন কার্যকলাপ অবশ্যই উল্লেখযোগ্য ও সুসংবদ্ধ এবং সেগুলো, আর্থিক সেবা ব্যবস্থার ক্ষেত্রের ভেতরে ও বাইরে, অন্যান্যদের সামনে দৃষ্টান্ত হিসাবে উপস্থাপিত হওয়ার যোগ্য।”

মূল্যবান সেবা সরবরাহ

কাস্টমারস্ বা খরিদ্দারগণ আমাদের ব্যক্তিগত খরিদ্দাররা (95%), প্রাতিষ্ঠানিক খরিদ্দাররা (94%) এবং অন্যান্য খরিদ্দাররা (98%) সকলেই ব্যাংক-এর সঙ্গে তাদের সম্পর্কের বিষয়ে সন্তুষ্ট। মোরি (MORI) পরিচালিত দ্বিবার্ষিক জরিপ থেকে দেখা যায় যে কো-অপারেটিভ ব্যাংক-এর কারেন্ট অ্যাকাউন্ট, সেভিংস্, ক্রেডিট কার্ড ও লোন বা ঋণের খরিদ্দাররা বাজারের গড়পড়তা মানের তুলনায় অনেক বেশী সন্তুষ্ট। সরবরাহকারীদের কাছে যে চারটি ক্ষেত্র সবচেয়ে বেশী অগ্রাধিকারসম্পন্ন : তাড়াতাড়ি অর্থ পরিশোধ (93%), সুসম্পর্ক (97%), কার্যকর যোগাযোগ ব্যবস্থা (94%) এবং ন্যায্য আচরণ (99%) - তাদের প্রতিটাতে প্রায় সকলেই সন্তুষ্ট। উপরন্তু, এইসব ক্ষেত্রে সরবরাহকারীদের 90% মনে করে যে অন্যান্য যে'সব প্রতিষ্ঠানের সঙ্গে তারা ব্যবসা করে তাদের তুলনায় আমাদের কাজকর্মের মান সন্তোষজনক।

সহযোগিতা 2001 সাল ছিল সমবায় আন্দোলন প্রক্রিয়ায় এক গুরুত্বপূর্ণ বছর। বিভিন্ন ধরনের পণ্যদ্রব্যের (যেমন কো-অপ্ ভিসা কার্ড) এবং সেবার (যেমন কো-অপ্ পরিচালিত দোকানে ATM বা টাকা তোলার যন্ত্র বসানো) সরবরাহের ক্ষেত্রে সহযোগিতা ছাড়াও, চলতি বছরের প্রতিবেদনে বিভিন্ন সমবায় প্রতিষ্ঠানের মধ্যে ব্যাপকতর সহযোগিতার প্রতি নজর দেওয়া হয়েছে।

আমাদের লোকজন কর্মীদের সম্পর্কে পরিচালিত প্রত্যেকটি জরিপের ফলাফল থেকে আমরা দেখেছি যে নিয়োগকারী হিসাবে এবং ন্যায়সঙ্গত ব্যবসায়িক আচরণের ক্ষেত্রে অগ্রণী প্রতিষ্ঠান হিসাবে ব্যাংক-এর ভূমিকায় তারা খুবই গর্বিত। কর্মীদের উন্নয়নের জন্য আমরা গত বছর যে ছয়টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিলাম, তাদের মধ্যে পাঁচটি আমরা পূরণ করতে পেরেছি। আমাদের ব্যবসা প্রচুর বেড়ে যাওয়া সত্ত্বেও, প্রগতিশীল নিয়োগকারী হিসাবে ব্যাংক-এর অবস্থান আরো একবার 2001 সালের Sunday Times/DTI '100 Best Companies to Work For' জরিপের তালিকায় স্বীকৃতি লাভ করেছে।

মোরি পরিচালিত বিভিন্ন আর্থিক সেবার তুলনা : কারেন্ট অ্যাকাউন্ট
ব্যাংক-এর সঙ্গে তার খরিদ্দারদের সন্তুষ্টির মান



পার্টনারশিপ রিপোর্ট এবং অন্যান্য তথ্য আমাদের ওয়েবসাইট www.co-operativebank.co.uk/partnership2001 থেকে পাওয়া যাবে। এ'ছাড়া, ঐ প্রতিবেদনের পূর্ণাঙ্গ অনুলিপি বা কপি (বড় হরফে ছাপা, ব্রেইল বা অন্ধলিপি এবং অডিও টেপ সংস্করণসহ) 0800 435 906 নম্বরে টেলিফোন ক'রে সংগ্রহ করা যাবে।

সামাজিক দায়িত্বশীলতা

নৈতিক অঙ্গীকার আরো একবার, আমাদের সামাজিক নিরীক্ষক ***ethics etc...***, আমাদের ‘এথিক্যাল পলিসী’ (Ethical Policy) বা নৈতিক আচরণের প্রতিশ্রুতি কার্যকর করার ব্যাপারে আমাদের আন্তরিকতাকে সম্পূর্ণ স্বীকৃতি জানিয়েছে। ব্যবসায়ে অবনতির দরুণ £2.5 মিলিয়ন পাউন্ড আয় আমাদের হারাতে হয় এবং এই বিষয়টি ‘এথিক্যাল পলিসী ইউনিট’ (Ethical Policy Unit)-এর কাছে পেশ করা হয়।

2001 সালে বিভিন্ন ক্ষেত্রে নৈতিক আচরণের প্রতিশ্রুতি কার্যকর করার দরুণ ব্যবসায়ে অবনতি



(সূত্র : এথিক্যাল পলিসী ইউনিট 2002)

এর বাইরে, আমরা আরো অনেক ব্যবসার সুযোগ হারিয়েছি, যেখানে আমাদের সামনের সারির কর্মীরা কোনরকম সুপারিশ ছাড়াই ব্যবসায়িক লেনদেনে রাজি হয়নি কারণ তারা জানতে পেরেছে যে এই ব্যবসা আমাদের নৈতিক আচরণের প্রতিশ্রুতির বিরুদ্ধে যাবে। 2001 সালে আমরা এমন বেশ কয়েকটা পণ্যদ্রব্য ও সেবা প্রবর্তন করেছি যা আমাদের নৈতিক আচরণের নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, যেমন অ্যাক্‌শনএইড (ActionAid)-এর সঙ্গে নতুন স্ট্যান্ডার্ড ও গোল্ড ভিসা কার্ড। আমাদের এই অংশিদারিত্ব এই দাতব্য প্রতিষ্ঠানটির জন্য আজ পর্যন্ত £30,000 পাউন্ড সংগ্রহ করতে পেরেছে। 2001 সালে আমরা দাতব্য খাতে £3.37 মিলিয়ন পাউন্ড-এর সমতুল্য বা কর ধার্যের আগেকার মুনাফার 3.1% অর্থ দান করেছি। বিভিন্ন জাতিগত সংখ্যালঘু সম্প্রদায় থেকে কর্মী নিয়োগের অনুপাত 2001 সালে বাড়েনি এবং এখনও তা প্রত্যাশিত স্তরের নিচে রয়েছে, তবে 2001 পার্টনারশিপ রিপোর্ট-এ আমরা ব্যাখ্যা করেছি এই বিষয়টির মোকাবেলা আমরা কিভাবে করতে চাই।

2001 সালে, আমাদের সর্বসাম্প্রতিক সহযোগী অ্যাক্‌শনএইড (ActionAid)-এর সঙ্গে ব্যাংক কয়েকটা নতুন ভিসা কার্ড প্রবর্তন করেছে।

পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ

2001 সালে, আমরা আরো একবার পরিবেশের উপরে আমাদের প্রভাবের মাত্রা কমানোর উদ্যোগ নিয়েছি। বেশ কয়েক বছর ধরে এই ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি করা হয়েছে। ব্যাংক-এর ঘরবাড়ি থেকে কার্বন ডাই-অক্সাইড গ্যাস (যা পৃথিবীর আবহাওয়া পরিবর্তনের জন্য প্রধানতঃ দায়ী বলে বিবেচিত) নির্গত হওয়ার অনুপাত প্রায় সম্পূর্ণ দূর করা হয়েছে, যে বিদ্যুৎ আমরা ব্যবহার করি তার 98% উৎপাদিত হয়ে থাকে বার বার ব্যবহারের উপযুক্ত উপাদান থেকে। বন্যপ্রাণী সংরক্ষণের উদ্দেশ্যে গৃহীত বিভিন্ন উদ্যোগের ফলস্বরূপ, নানা ধরনের পশুপাখী অধ্যুষিত জমির পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে এখন আমাদের কাজকর্মের জায়গা হিসাবে ব্যবহৃত জমির পরিমাণের পঁচাত্তরগুণ বেশী হয়ে দাঁড়িয়েছে।

আমাদের 'একটি গাছ লাগান' কর্মসূচির মাধ্যমে আমরা নতুন বনভূমি গড়ে তোলার উদ্যোগে নিয়মিত সহায়তা দিয়ে চলেছি। বিস্তারিত জানার জন্য www.co-operative-woodland.co.uk দেখুন।

বৃদ্ধি পেয়ে এখন আমাদের কাজকর্মের জায়গা হিসাবে ব্যবহৃত জমির পরিমাণের পঁচাত্তরগুণ বেশী হয়ে দাঁড়িয়েছে। উদাহরণস্বরূপ, গ্রেটার ম্যানচেস্টার অঞ্চলে সর্বসাধারণের ব্যবহারযোগ্য চারটি বনাঞ্চল (ছবিতে দেখানো) সৃষ্টির কাজে আমরা £300,000 পাউন্ড দান করার প্রতিশ্রুতি দিয়েছি। 2001 সালে সমস্ত এলাকায় প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ-সংক্রান্ত নিরীক্ষা সম্পন্ন করা হয় এবং যে'সব প্রাণীর সংরক্ষণ জরুরী তাদের জন্য উপযুক্ত গুরুত্বসম্পন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়। ব্যাংক-এর বর্জ্য পদার্থের পরিমাণ আরো কমানো হয়েছে এবং এই ধরনের সমস্ত আবর্জনা এখন পুনর্ব্যবহারের বা পুনরুৎপাদনের কাজে লাগানোর ব্যবস্থা হয়েছে। অন্যদিকে অবশ্য, পরিবেশ সংরক্ষণের অনুকূল কাগজ ব্যবহারের অনুপাত 5% বাড়ানোর লক্ষ্যমাত্রা আমরা এখনও পূরণ করতে পারিনি, এবং ব্যবসায়িক কারণে ভ্রমণের পরিমাণ 2001 সালে 300,000 মাইল বেড়েছে। কাজকর্মের মানে এই ধরনের অপ্রীতিকর দৃষ্টান্তের অনুপাত কমানোর জন্য ব্যাংক-এর গৃহীত কিছু ব্যবস্থার বিবরণ 2001 পার্টনারশিপ রিপোর্ট-এ যোগ করা হয়েছে।

The Natural Step সংস্থার চেয়ারম্যান Jonathon Porritt, পরিবেশগত ভারসাম্য সংরক্ষণে ব্যাংক-এর প্রচেষ্টা সম্পর্কে মন্তব্য করছেন।



"আরো একটি উদ্দীপনামূলক ও তথ্যসমৃদ্ধ প্রতিবেদন। চারপাশের এত বিষণ্ণতা ও হতাশার মধ্যেও এর বিষয়বস্তু আমার মতো লোকজনের মনে আনন্দ এনে দিতে পারে! বিগত কয়েক বছরে ব্যাংক-এর কাজকর্মের দরুণ পরিবেশের উপরে তার প্রধান বিরূপ প্রভাবগুলোর বেশীর ভাগই দূর করা সম্ভব হয়েছে। ... সমস্ত লক্ষ্যমাত্রা ও পরিসংখ্যানের পেছনে, যেগুলো প্রকৃতপক্ষেই স্থায়ী উন্নয়ন নিশ্চিত করার জন্য 'ব্যবসায়িক দায়িত্বশীলতার' সবচেয়ে সুস্পষ্ট প্রমাণ, রয়েছে এমন একটা দূরদৃষ্টি ও নৈতিক উদ্দেশ্য যা এই প্রতিবেদনের প্রকৃত ভিত্তি।"

the NATURAL STEP